

Johnson & Johnson COVID-19 টিকা কিভাবে কাজ করে

টিকা নিলে তা আপনাকে সুরক্ষা দেয়, এবং আপনার পরিবার ও বন্ধুদেরও রক্ষা করতে পারে। Johnson & Johnson/Janssen টিকাটি একটি অ্যাডিনোভাইরাস ভেক্টর টিকা। এটি যেভাবে কাজ করে তা নিম্নরূপ:





1. নির্দেশ

একটি অক্ষতিকর অ্যাডিনোভাইরাসকে (একটি সাধারণ সর্দির ভাইরাস যাকে পরিবর্তিত করা হয়েছে যাতে এটি সংখ্যা বৃদ্ধি বা রোগ সৃষ্টি না করে) আপনার দেহে প্রবেশ করানো হয় যাতে COVID-19 সৃষ্টিকারী ভাইরাসের একটি জিন আছে। COVID-19 হওয়ার কারণস্বরূপ ভাইরাসে পাওয়া যায় এমন একটি স্পাইক প্রোটিন তৈরি করার নির্দেশ এই জিনটিতে রয়েছে।

2. উৎপাদন

আপনার শরীর স্পাইক প্রোটিনটি তৈরি করে কিন্তু মূল ভাইরাসটিকে তৈরি করে না। উৎপন্ন প্রোটিনগুলো আপনার শরীরকে অ্যান্টিবডি তৈরি করার জন্য প্ররোচিত করে।



3. প্রতিরোধ

COVID-19 সৃষ্টিকারী ভাইরাস যদি আপনার শরীরে প্রবেশ করে, অ্যান্টিবডিগুলো ভাইরাসটিকে সনাক্ত করে এবং এর সাথে লড়াই করে, ফলে আপনি অসুস্থ হওয়ার হাত থেকে রক্ষা পান।

Johnson & Johnson টিকা সংক্রান্ত তথ্য

- Johnson & Johnson COVID-19 টিকাটি বিস্তৃত পরিসরের চিকিৎসাগত গবেষণার মধ্য দিয়ে গেছে যা খাদ্য ও ওষুধ প্রশাসন (Food and Drug Administration, FDA) ও অন্যান্য বিশেষজ্ঞরা পর্যালোচনা করেছেন। এই টিকাটি নিরাপদ ও মানুষকে গুরুতর COVID-19 জনিত অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া ও মৃত্যু থেকে রক্ষা করতে অত্যন্ত কার্যকর বলে দেখা গেছে।
- অ্যাডিনোভাইরাসটি সংখ্যা বৃদ্ধি বা রোগ সৃষ্টি করতে পারে না।
- এই টিকায় সেই ভাইরাসটি নেই যা COVID-19 এর কারণ।
- এই টিকাটি থেকে আপনার COVID-19 হওয়া অসম্ভব।
- এই টিকাটি আপনার ডিএনএ তে পরিবর্তন আনতে পারবে না।

একটি টিকাদান কেন্দ্র খুঁজে পেতে ও অ্যাপয়েন্টমেন্ট করতে, ভিজিট করুন nyc.gov/vaccinefinder বা কল করুন 877-829-4692 নম্বরে।

COVID-19 টিকাসমূহ সম্পর্কে আরো জানতে, আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন, nyc.gov/covidvaccine ভিজিট করুন অথবা কল করুন 311 নম্বরে।

পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে। 4.5.21